

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৫০৭

আগরতলা, ২১ জানুয়ারি, ২০২৫

রাজভবনে ত্রিপুরা, মেঘালয় ও মণিপুরের পূর্ণরাজ্য দিবস উদযাপন



ত্রিপুরা, মেঘালয় ও মণিপুর রাজ্যের পূর্ণরাজ্য দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ মণিপুর ও মেঘালয়ের ছাত্রছাত্রীরা সহ সমাজের বিভিন্ন পেশার মানুষ সন্ধ্যায় রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগুর সাথে সাক্ষাৎ করেন। রাজ্যপাল তাদের সামনে ত্রিপুরার বিভিন্ন বিষয় তুলে ধরেন। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ে পাঠরত মেঘালয় ও মণিপুরের ছাত্রছাত্রীরা এবং বিভিন্ন সরকারি পদে কর্মরত আধিকারিক ও কর্মচারীগণ রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেন। রাজ্যপাল তাদের নিজ নিজ রাজ্যের দূত হিসেবে তাদের রাজ্যের কৃষ্টি সংস্কৃতি ও পর্যটন কেন্দ্রগুলিকে সবার সামনে তুলে ধরার পরামর্শ দেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
